দিনাজপুরে বাড়ীতে ডেকে নিয়ে এক ব্যক্তির পায়ের রগ কর্তন

অলিউর রহমান মেরাজ: দিনাজপুরের নবাবগঞ্জে মোবাইল ফোনে বাড়ীতে ডেকে নিয়ে বাবু মিয়া (২২) নামে এক ব্যক্তির দু পায়ের রগ কেটে দেয়া হয়েছে।

ঘটনাটি ঘটেছে ২২ অক্টোবর বৃহস্পতিবার সন্ধ্যা আনুমানিক সাড়ে ৬ টার সময় উপজেলার মাহমুদপুর ইউনিয়নের ইশ্বরপুর মধ্যপাড়া গ্রামে।

বাবু মিয়া একই গ্রামের দুলা মিয়ার ছেলে। এ ব্যাপারে রাতেই বাবু মিয়ার পিতা বাদী হয়ে নবাবগঞ্জ থানায় একটি মামলা দায়ের করেছেন।

মামলা সূত্রে জানা যায়, ইশ্বরপুর গ্রামের মৃত আঃ সাত্তারের ছেলে আকরাম হোসেন ও মজিবরের ছেলে মাজহারুল ইসলাম সহ ৩ জন বাবু মিয়াকে মোবাইল ফোনে মাজহারুল ইসলামের বাড়ীতে ডেকে নিয়ে টাকা পয়সার লেনদেন বিষয়ে তার দুপায়ের গোড়ালীর উপরে পিছনের রগ ধারালো অস্ত্র দিয়ে কেটে দেয়।

এরপর তাকে গুরুতর আহত অবস্থায় নবাবগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয়। সেখানে তার অবস্থা আশংকা জনক হওয়ায় রাতেই তাকে রংপুরে পাঠানো হয়। বর্তমানে বাবু সেখানে চিকিৎসাধীন রয়েছে।

২৩ অক্টোবর শুক্রবার সরেজমিনে ঘটনাস্থলে গেলে, কি কারণে এ ঘটনাটি ঘটেছে তা বাবুর পিতা দুলা মিয়া সহ কেউই জানাতে পারেনি।

অপরদিকে, মামলার অভিযুক্তদের বাড়ীতে গিয়ে কাউকে পাওয়া যায়নি। যে

বাড়ীতে ঘটনা ঘটানো হয়েছে সেই বাড়ীটি তালাবদ্ধ রয়েছে।

তবে অভিযুক্ত আকরামের স্ত্রী রিক্তা বেগমের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি জানান, আহত বাবুর পক্ষের লোকেরা অভিযুক্তদের বাড়ী থেকে ৯টি গরু ও ৩টি ছাগল জোর করে নিয়ে গেছে।

আহত বাবুর পিতা দুলা জানান, সে নয় গ্রামবাসী একত্রিত হয়ে গরু- ছাগল নিয়ে এসেছে এবং তার বাড়ীর নিকট বেঁধে রাখা হয়েছে। সেখানে ছোট বড় ৭টি গরু ও ২টি ছাগল দেখা গেছে।